# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam Ethics-01

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

### যৌতুক সমস্যা কি ধরনের সমস্যা?

- A সামাজিক সমস্যা ✔
- B অর্থনৈতিক সমস্যা
- C রাজনৈতিক সমস্যা
- D রাষ্ট্রীয় সমস্যা

**Solution:**
যৌতুক একটি কঠিন সামাজিক ব্যাধি। বাংলাদেশের আইনে যৌতুক নেয়া বা দেয়া উভয়ই অপরাধ। যৌতুক প্রতিরোধে বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত 'যৌতুক নিরোধ আইন' ১৬ সেপ্টেম্বর, ২০১৮ সালে জাতীয় সংসদে পাস হয়।

Question 2

### নিচের কোন রিপোর্টে বিশ্বব্যাংক সুশাসনের সংজ্ঞা প্রদান করেছে?

- A শাসন প্রক্রিয়া ও মানব উন্নয়ন
- B শাসন প্রক্রিয়া এবং সুশাসন
- C শাসন প্রক্রিয়া এবং নৈতিক শাসন প্রক্রিয়া
- D শাসন প্রক্রিয়া এবং উন্নয়ন ✔

**Solution:**
বিশ্বব্যাংকের ১৯৮৯ সালে প্রকাশিত প্রতিবেদন 'Sub-Saharan Africa: From Crisis to Sustainable Growth' -এ Good Governance বা সুশাসন প্রত্যয়টি প্রথম ব্যবহার করেন। তবে ১৯৯২ সালে প্রকাশিত বিশ্বব্যাংকের গবেষণা পত্র Governance and Development বা শাসন প্রক্রিয়া এবং উন্নয়নের মাধ্যমে সুশাসনের সংজ্ঞা প্রদান করেছেন।

Question 3

## মধ্যযুগীয় নীতিবিদ্যা বিকশিত হয় কীসের মাধ্যমে?

A সামাজিক মাধ্যমে

B ধর্মের মাধ্যমে ✔

C রাজনৈতিক মাধ্যমে

D সামাজিক ও রাজনৈতিক মাধ্যমে

**Solution:**
ধর্মের মাধ্যমে মধ্যযুগীয় নীতিবিদ্যা বিকশিত হয়। ধর্মীয় বিধি-বিধান, ধর্ম যাজকদের উপদেশ ন্যায়-অন্যায়ের পার্থক্যকরণের ক্ষেত্রে ধর্ম প্রধান নৈতিক মানদণ্ড হিসেবে কাজ করে।

Question 4

## ই-গভর্নেন্স এ কোন বিষয়কে বড় করে দেখা হয়?

A জবাবদিহিতা

B স্বচ্ছতা ✔

C সচেতনতা

D দক্ষতা

**Solution:**
ই-গভর্নেন্স এর মাধ্যমে সরকার কী কী কাজ করছে, কী কী মূলনীতির উপর সরকার সিদ্ধান্ত প্রণয়ন করছে স্বচ্ছতার মাধ্যমে তা সাধারণ মানুষ জানতে পারে।

Question 5

## গণতান্ত্রিক মূল্যবোধের অন্যতম উপাদান কোনটি?

A আইনের শাসন ✔

B বিচার বিভাগের স্বাধীনতা

C মৌলিক অধিকার ও মানবাধিকার নিশ্চিত

D আইন বিভাগ

**Solution:**
আইনের শাসন গণতান্ত্রিক মূল্যবোধের অন্যতম উপাদান। আইনের শাসন না থাকলে একটি রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠার অগ্রযাত্রা ব্যাহত হয়।

Question 6

Natio শব্দের বাংলা অর্থ কী?

A জাতি

B জাতীয়তা

C জন্ম ✔

D বংশ

**Solution:**
ইংরেজি ‘Nation’ ও ‘Nationality’ শব্দ দুটি উদ্ভূত হয়েছে ল্যাটিন শব্দ ‘Natio’ বা ‘Natus’ থেকে (যার অর্থ হলো ‘born’ অর্থাৎ জন্ম)।

Question 7

আইনের শাসন শক্তিশালী করে তোলে -

A বাহ্যিক মূল্যবোধকে

B নৈতিক মূল্যবোধকে

C গণতান্ত্রিক মূল্যবোধকে ✔

D রাজনৈতিক মূল্যবোধকে

**Solution:**
- আইনের শাসন শক্তিশালী করে তোলে- গণতান্ত্রিক মূল্যবোধ।
- নীতি ও ঔচিত্যবোধ থেকে বিবেচনা করা হয়- নৈতিক মূল্যবোধ।
- ব্যক্তির বাইরের ব্যক্তিত্বকে সুদৃঢ়করণে ভূমিকা রাখে- বাহ্যিক মূল্যবোধ।

Question 8

সরকারি চাকরিতে সততার মাপকাঠি কী?

A. নির্মোহ ও নিরপেক্ষভাবে অর্পিত দায়িত্ব যথাবিধি সম্পন্ন করা ✔

B. সময় মত অফিসে যাওয়া

C. ঘুষ না নেয়া

D. সৃজনশীলতা

**Solution:**
সরকারি চাকরিতে দায়িত্ব ও কর্তব্য-
- যথাসময়ে অফিসে আগমন ও ত্যাগ করা।
- অবৈধ সুবিধা গ্রহণ না করা।
- ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ পালন করা।
- সততার মাপকাঠি- নির্মোহ ও নিরপেক্ষভাবে অর্পিত দায়িত্ব যথাবিধি সম্পন্ন করা।

Question 9

## ‘A Manual of Ethics’ গ্রন্থটির লেখক কে?

A. রাসড্যাল

B. ম্যাকেঞ্জি ✔

C. হবস

D. এরিস্টটল

**Solution:**
A Manual of Ethics গ্রন্থটি (১৮৯৩) John Stuart Mackenzie এর লিখা। তিনি ছিলেন একজন ব্রিটিশ ফিলোসফার।

Question 10

## ‘ডিজিটাল বাংলাদেশ’ কত সালে ঘোষণা করা হয়?

A. ২০০৯

B. ২০০৮ ✔

C. ২০০৭

D. ২০০৬

**Solution:**
২০০৮ সালে ডিজিটাল বাংলাদেশ রূপকল্প ঘোষণা করা হয়। 'বাংলাদেশ কম্পিউটার সমিতি' ১৭ থেকে ১২ নভেম্বর ২০০৯ এ 'ডিজিটাল বাংলাদেশ সামিট' নামক শীর্ষ সম্মেলনের আয়োজন করে, যাতে ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠা এবং অগ্রাধিকারের বিষয়গুলো আলোচিত হয়।

Question 11

কোন কোন ক্ষেত্রে মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপযোগিতা লক্ষ্য করা যায়?

A নীতি ও ঔচিত্যবোধ প্রতিষ্ঠা ✔

B নৈতিকতা

C নাগরিক অসচেতনা ও কর্তব্যবোধ বাড়ানো

D মূল্যবোধ

**Solution:**
মূল্যবোধ শিক্ষা ও সুশাসন ব্যক্তির সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্র এবং রাষ্ট্রীয় পর্যায়ে সুগভীর প্রভাব ফেলে। নিম্নোক্ত ক্ষেত্রে মূল্যবোধ শিক্ষা ও সুশাসনের উপযোগিতা লক্ষ্য করা যায়।

- নীতি ও ঔচিত্যবোধ প্রতিষ্ঠা।
- সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা।
- নাগরিক সচেতনতা ও কর্তব্যবোধ বাড়ানো।
- মৌলিক অধিকার ও মানবাধিকারের নিশ্চয়তা।
- আইনের শাসন প্রতিষ্ঠা।
- স্বাধীন ও নিরপেক্ষ বিচারবিভাগ ও গণমাধ্যম প্রতিষ্ঠা।
- আমলাতন্ত্রের জবাবদিহিতা ও সুশাসন।

Question 12

কোনটি মূল্যবোধের বৈশিষ্ট্য নয়?

A নির্দিষ্টতা

B নৈতিক প্রাধান্য

C সহমর্মিতা ✔

D সামাজিক মানদণ্ড

**Solution:**
মূল্যবোধের বৈশিষ্ট্য হল- নির্দিষ্টতা, সামাজিক মানদণ্ড, নৈতিক প্রাধান্য, বিভিন্নতা, বৈচিত্র্যময়তা ও আপেক্ষিকতা, পরিবর্তনশীলতা ও নৈর্ব্যক্তিকতা। অপরদিকে সহমর্মিতা হল মূল্যবোধের ভিত্তি বা উপাদান।

Question 13

মূল্যবোধের চালিকাশক্তি কোনটি?

A ধর্ম

B সমাজ

C সংস্কৃতি ✔

D বিদ্যালয়

**Solution:**
সমাজে ভালো মন্দের মানদণ্ড বলা হয় মূল্যবোধকে। মূল্যবোধকে জাগ্রত করে নৈতিকতা। চিরন্তন মূল্যবোধ হলো সত্য ও ন্যায়। একে সুদৃঢ় করা যায় শিক্ষার মাধ্যমে। আর এর অন্যতম চালিকাশক্তি হলো সংস্কৃতি। কারণ সংস্কৃতিই মানুষকে তার কাঙ্ক্ষিত আচরণটি শেখায়।

Question 14

‘সৎ গুণই জ্ঞান’ কার উক্তি?

A সক্রেটিস ✔

B প্লেটো

C এরিস্টটল

D আইনস্টাইন

**Solution:**
গ্রিক দার্শনিক সক্রেটিস, প্লেটো এবং এরিস্টটল সর্বপ্রথম নৈতিকতার প্রতি গুরুত্বারোপ করেন। সক্রেটিস বলেছেন, ‘সৎ গুণই জ্ঞান’ (Virtue is knowledge)। তিনি বিশ্বাস করতেন যে, জ্ঞানী-গুণী ব্যক্তিরা অন্যায় করতে পারেন না এবং ন্যায় বোধের উৎস হচ্ছে ‘জ্ঞান’ (knowledge) এবং অন্যায়বোধের উৎস হচ্ছে ‘অজ্ঞতা’ (ignorance)।

Question 15

প্রতিটি শিশু তার পরিবারে সর্বপ্রথম কোন মূল্যবোধের শিক্ষা পায়?

A সামাজিক মূল্যবোধ

B গণতান্ত্রিক মূল্যবোধ

C নৈতিক মূল্যবোধ ✔

D ধর্মীয় মূল্যবোধ

**Solution:**
সত্যকে সত্য বলা, মিথ্যাকে মিথ্যা বলা, অন্যায়কে অন্যায় বলা এসব শিক্ষা প্রতিটি শিশু তার পরিবার থেকেই পেয়ে থাকে যা মূলত নৈতিক মূল্যবোধের মধ্যেই পড়ে।

Question 16

সরকার ও জনগণের মধ্যে আয়নার মতো কাজ করে কোনটি?

A রাজনৈতিক দল

B বিরোধী দল

C মামলা

D মিডিয়া ✔

**Solution:**
প্রজাতন্ত্রের কোন নাগরিকের কুকর্ম ও সুকর্ম যেমন মিডিয়ায় আয়নার মতো অবয়ব সৃষ্টি করে ঠিক তেমনি সরকারের কৃতকাজ জনকল্যাণে না হয়ে জনবিরোধী হলে মিডিয়ার মাধ্যমে জনগণ তাৎক্ষণিকভাবে প্রতিক্রিয়া দেখিয়ে সরকারের সঠিক কাজ করার ক্ষেত্রে সাহায্য করে থাকে।

Question 17

কোন প্রতিষ্ঠানের মতে, সুশাসনে রাষ্ট্রের টেকসই উন্নয়ন সাধিত হয়?

A জাতিসংঘ

B বিশ্বব্যাংক ✔

C UNDP

D UNHCR

**Solution:**
জাতিসংঘের মতে, সুশাসনের লক্ষ্য ও উদ্দেশ্য হলো মৌলিক স্বাধীনতার উন্নয়ন। UNDP এর মতে, সকলের অংশ গ্রহণের মাধ্যমে অর্থপূর্ণ রাজনৈতিক পরিবেশ তৈরি করা, বিশ্বব্যাংকের মতে, রাষ্ট্রের টেকসই উন্নয়ন।

Question 18

একজন যোগ্য প্রশাসক ও ব্যবস্থাপকের অত্যাবশ্যকীয় মৌলিক গুণাবলির মধ্যে শ্রেষ্ঠ গুণ কোনটি?

A নৈতিকতা ✔

B দক্ষতা

C সৃজনশীলতা

D দায়িত্বহীনতা

**Solution:**
একজন যোগ্য প্রশাসক ও ব্যবস্থাপকের অত্যাবশ্যকীয় মৌলিক গুণাবলির মধ্যে শ্রেষ্ঠ গুণ নৈতিকতা ও দায়িত্বশীলতা। দক্ষতা ও সরলতা অন্যতম মৌলিক গুণাবলী যা নৈতিকতা থেকে উদ্ভূত।

Question 19

‘অতি শাসনের বিপরীত ব্যবস্থাই হলো স্বাধীনতা’ কথাটি বলেছেন-

A টি. এইচ. গ্রিন

B শেলী ✔

C হ্যারল্ড জে. লাস্কি

D হার্বার্ট স্পেনসার

**Solution:**
স্বাধীনতার সংজ্ঞায় অন্যান্য মনীষীদের মধ্যে-
১. অধ্যাপক হ্যারল্ড জে. লাস্কি বলেন, নেতিবাচক অর্থে “স্বাধীনতা বলতে বোঝায় সে সকল সামাজিক অবস্থার ওপর থেকে বাধা নিষেধের অপসারণ, যা আধুনিক সভ্যজগতে মানুষের সুখী জীবনযাপনের জন্য অত্যাবশ্যক”।
২. টি. এইচ. গ্রিন বলেন, ‘যা উপভোগ করার এবং সম্পন্ন করার যোগ্য তা উপভোগ ও সম্পাদন করার ক্ষমতাকে স্বাধীনতা বলে।’
৩. হার্বার্ট স্পেনসার বলেন, ‘স্বাধীনতা বলতে খুশিমত কাজ করাকে বোঝায়, যদি উক্ত কাজ দ্বারা অন্যের অনুরূপ স্বাধীনতা উপভোগে বাধার সৃষ্টি না হয়’।
৪. শেলী বলেন, ‘অতি শাসনের বিপরীত ব্যবস্থাই হলো স্বাধীনতা’।

Question 20

যে সব মূল্যবোধ ব্যক্তি সমাজের নিকট থেকে আশা করে এবং যা সমাজ ব্যক্তির নিকট থেকে লাভ করে খুশি হয়, সেসব মূল্যবোধই সামাজিক মূল্যবোধ।–সংজ্ঞাটি কার?

A স্টুয়ার্ড সি. ডড ✔

B জেন লেন্নন

C নিকোলাস রেসার

D এম. ডব্লিউ. পামফ্রে

**Solution:**
● **জেন লেন্নন** এর মতে, "সামাজিক মূল্যবোধ বলতে কোনো স্থান বা এলাকার ধর্মীয়, ঐতিহ্যপূর্ণ, অর্থনৈতিক, রাজনৈতিক বা জাতীয় গুণাবলিকে বোঝায়, যা ঐ স্থানের অধিকাংশ বা স্বল্পসংখ্যক লোক পালন করেন।"
● **নিকোলাস রেসার** এর মতে, "সামাজিক মূল্যবোধ সেসব গুণাবলি, যা ব্যক্তি নিজের সহকর্মীদের মধ্যে দেখে খুশি হয় এবং নিজের সমাজ, জাতি, সংস্কৃতি ও পরিবেশকে মূল্যবান মনে করে খুশি হয়।"
● **এম. ডব্লিউ. পামফ্রে** এর মতে, "মূল্যবোধ হচ্ছে ব্যক্তি বা সামাজিক দলের অভিপ্রেত ব্যবহারের সুবিন্যস্ত প্রকাশ।"
● **স্টুয়ার্ড সি. ডড এর মতে,** "যে সব মূল্যবোধ ব্যক্তি সমাজের নিকট থেকে আশা করে এবং যা সমাজ ব্যক্তির নিকট থেকে লাভ করে খুশি হয়, সেসব মূল্যবোধই সামাজিক মূল্যবোধ।"

Question 21

আইন অপেক্ষা _____ সীমানা অনেক বেশি প্রসারিত। শূন্যস্থানে নিচের কোনটি হবে?

A মূল্যবোধের

B সুশাসনের

C নৈতিকতার ✔

D গণতন্ত্রের

**Solution:**
আইন অপেক্ষা নৈতিকতার সীমানা অনেক বেশি প্রসারিত। নৈতিক মূল্যবোধের দ্বারা শাসন কাজ পরিচালনা করা হলে সুশাসন প্রতিষ্ঠিত হয়।

Question 22

সমাজ জীবনকে নিয়ন্ত্রিত ও পরিচালিত করে-

A নৈতিকতা

B মূল্যবোধ ✔

C সুশাসন

D নৈতিকতা ও সুশাসন

**Solution:**
সমাজ জীবন মানুষের ব্যক্তিগত ও সমষ্টিগত আচার ব্যবহার ও কর্মকাণ্ড যেসব নীতিমালার মাধ্যমে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় তাদের সমষ্টিকে মূল্যবোধ বলে। মূল্যবোধ হলো-শিষ্টাচার, সততা, ন্যায়পরায়ণতা, সৃজনশীলতা, সহমর্মিতাবোধ, শৃঙ্খলাবোধ, সৌজন্যবোধ প্রভৃতি সুকুমার বৃত্তি বা মানবীয় গুণাবলির সমষ্টি।

Question 23

## সুশাসনের পথে অন্তরায় নয়–

A আইনের শাসন ✔

B স্বজনপ্রীতি

C দুর্নীতি

D অনিয়ম

**Solution:**
সামাজিক ক্ষেত্রে সুশানের অভাব জনিত ফলগুলো হল- স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব, শৃঙ্খলার অভাব, সুষম উন্নয়ন ব্যাহত এবং দুর্নীতির বিস্তার।

Question 24

## সরকারি সিদ্ধান্ত প্রণয়নে কোন মূল্যবোধটি গুরুত্বপূর্ণ নয়?

A বিশ্বস্ততা

B সৃজনশীলতা ✔

C নিরপেক্ষতা

D জবাবদিহিতা

**Solution:**
সুশাসন প্রতিষ্ঠায় সরকারি সিদ্ধান্ত প্রণয়নে প্রশাসনের জবাবদিহিতা, নিরপেক্ষতা ও বিশ্বস্ততা অপরিহার্য বিষয়। এক্ষেত্রে সৃজনশীলতা গুরুত্বপূর্ণ নয়। সৃজনশীলতা এক্ষেত্রে গৌণ বিষয়।

Question 25

## কোনটি ধর্মীয় মূল্যবোধের উদাহরণ?

A দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানো

B সকল ধর্মের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ✔

C মিথ্যাকে মিথ্যা বলা

D সৎভাবে বেঁচে থাকা

**Solution:**
সকল ধর্মের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন, অপরের ধর্ম মতকে সহ্য করা, অন্য ধর্মাবলম্বীদের ধর্ম-কর্ম ও ধর্মপ্রচারে বাধা না দেয়া, রাষ্ট্রীয় ভাবে কোন ধর্মকে শ্রেষ্ঠ না ভাবা এবং সেভাবে সুযোগ-সুবিধা প্রদান না করাই হল ধর্মীয় মূল্যবোধ।

Question 26

আমাদের চিরন্তন মূল্যবোধ কোনটি?

A সত্য ও ন্যায় ✔

B সার্থকতা

C শঠতা

D অসহিষ্ণুতা

**Solution:**
মূল্যবোধ মানুষের জীবনাচরণের অংশ। মূল্যবোধ কোনো সমাজেই লিপিবদ্ধ থাকে না। দীর্ঘ অনুশীলনের পর গ্রহণ-বর্জন প্রক্রিয়ায় সঠিক, উচিত, নৈতিক ও সমাজের কাঙ্ক্ষিত বিষয়গুলোকে ভিত্তি করে মানুষের মূল্যবোধ গড়ে ওঠে। সত্য ও ন্যায়, ভালো-মন্দ, ঠিক-বেঠিক, কাঙ্ক্ষিত-অনাকাঙ্ক্ষিত ইত্যাদি বিষয়গুলোকে মূল্যবোধের ভিত্তি ধরা হয়। সুতরাং সত্য ও ন্যায় নিষ্ঠা মানুষের চিরন্তন মূল্যবোধের একটি। পক্ষান্তরে, সার্থকতা, শঠতা ও অসহিষ্ণুতা সুস্থ মূল্যবোধের সাথে সাংঘর্ষিক।

Question 27

'পরিষ্কার বিবেক ঠিক এক আরামদায়ক বালিশের মতো'- উক্তিটি কার?

A মহাত্মা গান্ধী

B আইনস্টাইন

C অ্যালবার্ট ক্যামাস ✔

D ভ্যানগগ

**Solution:**
বিবেক নিয়ে কতিপয় উক্তি হচ্ছে-
'ভালো কিছু বই, ভালো কিছু বন্ধু এবং স্বচ্ছ বিবেক এই নিয়েই আদর্শ জীবন'- মার্ক টোয়েন। 'মানুষের বিবেকই মানুষের শক্তি'- জন ড্রাইডেন। 'বিবেক হলো স্রষ্টার আওয়াজ যা অন্তরে বাজে'- জেমস এইচ অঘে। 'পরিষ্কার বিবেক ঠিক এক আরামদায়ক বালিশের মতো'- আলবার্ট ক্যামাস। 'বিবেক একজন মানুষের জন্য কম্পাসের মতো'- ভ্যানগগ।

Question 28

মানুষের কর্মকাণ্ডের ভালো-মন্দ বিচার করার ভিত্তিই হচ্ছে-

A মূল্যবোধ ✔

B নৈতিকতা

C নীতি-ঔচিত্যবোধ

D সুশাসন

**Solution:**
মূল্যবোধের বৈশিষ্ট্যের মধ্যে অন্যতম একটি বৈশিষ্ট্য হলো সামাজিক মাপকাঠি। যেখানে বলা হয়েছে- মূল্যবোধ মানুষের আচার-ব্যবহার, ধ্যান-ধারণা, চাল-চলন ইত্যাদি নিয়ন্ত্রণ করার মাপকাঠি স্বরূপ।

Question 29

কোনটি মূল্যবোধের উপাদান?

A শৃঙ্খলাবোধ ✔

B আইন মান্য করা

C নিয়মিত কর প্রদান করা

D ঘনিষ্ঠতা

**Solution:**
মূল্যবোধের উপাদানগুলো হল: নীতি ও ঔচিত্যবোধ, সামাজিক ন্যায়বিচার, শৃঙ্খলাবোধ, সহনশীলতা, সহমর্মিতা, শ্রমের মর্যাদা, আইনের শাসন, নাগরিক সচেতনতা ও কর্তব্যবোধ, সরকার ও রাষ্ট্রের জনকল্যাণমুখিতা, সরকার ও রাষ্ট্রের দায়দায়িত্ব ও জবাবদিহিতা।

Question 30

নৈতিক আচরণবিধি (Code of ethics) নীতিবিদ্যার কোন শাখার আলোচ্য বিষয়?

A ব্যবসায়ী নীতিবিদ্যা ✔

B পরা নীতিবিদ্যা

C পরিবেশ নীতিবিদ্যা

D চিকিৎসা নীতিবিদ্যা

**Solution:**

- ব্যবসায়ী নীতিবিদ্যা নৈতিক আচরণবিধির অন্যতম একটি পুরানো শাখা।
- নৈতিক আচরণবিধি (code of ethics) বলতে বুঝায় কোনো প্রতিষ্ঠান বা সংস্থার কর্মকর্তা, কর্মচারীদের পেশাগত দৈনন্দিন দায়িত্ব ও কর্তব্যের পরিচিতি ও প্রযোজ্য নিয়মনীতি।

Back